




প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৪টি হলে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১১ মার্চ ২০২৫ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৪টি আবাসিক হলের আয়োজনে গতকাল ১০ মার্চ ২০২৫ তারিখ অনুষ্ঠিত হয়েছে দোয়া ও ইফতার মাহফিল। দোয়া ও ইফতার মাহফিলে বিশ্ববিদ্যালয়ের ৪টি হলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শুচিতা শরমিন ৪টি হলে গিয়ে ইফতার কার্যক্রম পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করেন এবং তাদের খোঁজ খবর নেন। এসময় হলের প্রাধ্যক্ষবৃন্দ, প্রক্টর (ভারপ্রাপ্ত), সহকারী প্রক্টর, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, হলের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। পরে উপাচার্য মহোদয়সহ অন্যান্যরা বিশ্ববিদ্যালয়ের শেরে বাংলা হলের শিক্ষার্থীদের সাথে দোয়া ও ইফতার মাহফিলে অংশ নেন। এদিকে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য এবং ট্রোজারার মহোদয়ও হলগুলোতে আয়োজিত এ ইফতার মাহফিল পরিদর্শন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়